

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ২.৪২ লক্ষ টাকা জরিমানা

১৯ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, গোপালগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, নওগাঁ, রংপুর, পঞ্চগড় ও সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Farhence Chines & Thai Restaurant কে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মেসার্স মনির জেনারেল স্টোর ও মেসার্স জাকির স্টোরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরে বাংলা নগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জম জম কনফেকশনারী এন্ড স্টোর ও রস মেলাকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ইন্দিরা রেস্টোরাঁকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমিনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফয়েজ উল্যাহর নেতৃত্বে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় ৬টি প্রতিষ্ঠানকে ৭১,০০০/- (একাত্তর হাজার) টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ আলমের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ দৌল্যার নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানায় ৬টি প্রতিষ্ঠানকে ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের বোদা উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ২৫,৫০০/- (পঁচিশ হাজার পাঁচশত) টাকা এবং নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২৬,০০০/- (দশ হাজার) টাকাসহ ১,৮৪,০০০/- (এক লক্ষ চুরাশি হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৫টি বাজার তদারকিতে ৩৮টি প্রতিষ্ঠানকে মোট ২.৪২,০০০/- (দুই লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, গোপালগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, নওগাঁ, রংপুর, পঞ্চগড় ও সিলেট।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, গোপালগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, নওগাঁ, রংপুর, পঞ্চগড় ও সিলেট।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।